

U.G. 6th Semester Examination - 2021**BENGALI****Course Code: BBNGDSHT5****Course Title: ব্যবহারিক বাংলা ব্যাকরণ**

পূর্ণমান : 80

সময় : ২ ঘণ্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 1 = 10$
- ক) ‘উপপদ’ কাকে বলে? একটি উদাহরণ দাও।
 - খ) ‘শুভতা’ দুধের ধর্ম। নিম্নরেখাফ্রিত পদটি কোনু শ্রেণির পদ?
 - গ) নাম বিশেষণ কাকে বলে? উদাহরণ দাও।
 - ঘ) ‘পেট’ শব্দটির সঙ্গে একবার উপসর্গ ও একবার প্রত্যয় যোগে নতুন শব্দ গঠন করো।
 - ঙ) ‘স্বভাব’ বোঝাতে ব্যবহৃত হয় এমন দুটি প্রত্যয়ের প্রয়োগসহ উদাহরণ দাও।
 - চ) পিপাসায় ছাতি ফেটে যাচ্ছে। ‘পিপাসা’ শব্দটির প্রকৃতি প্রত্যয় নির্ণয় করো।
 - ছ) ‘পলাশ’ কী জাতীয় শব্দ?
 - জ) আবেগসূচক বাক্য কীভাবে চেনা যায়? একটি উদাহরণ দাও।

- ঝ) লাট তো বটে, কিন্তু আনে কে? বাক্যটি কী জাতীয় বাক্য? বাক্যটিকে নির্দেশক বাক্যে পরিণত করো।
 - এৱ) ‘যে জামাই শ্বশুর বাড়িতে থাকে’ — পদগুলিকে সমাসবদ্ধ করো এবং সমাসের নাম লেখো।
 - ট) সমধাতুজ কর্তা কাকে বলে? একটি উদাহরণ দাও।
 - ঠ) ছাদ থেকে ঘূড়ি ওড়াচ্ছি। নিম্নরেখাফ্রিত পদটির কারক বিভক্তি নির্ণয় করো।
 - ড) স্বত্ব/স্বত্ত্ব/স্বত্ত্ব/স্বত্ব — অধিকার অর্থে বিশুদ্ধ শব্দটি নির্বাচন করো।
 - ঢ) পরীক্ষায় অকৃতকার্যতা হওয়া অত্যন্ত লজ্জাক্ষর ব্যাপার — বাক্যটির অঙ্গন্তি সংশোধন করো।
 - ণ) পরপদের অর্থ প্রাধান্য পায় এমন সমাসগুলির নাম লেখো।
- ২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 2 = 10$
- ক) অনুকার শব্দ কাকে বলে? একটি উদাহরণ দাও।
 - খ) আভিধানিক শব্দের সঙ্গে ধ্বন্যাত্মক শব্দের পার্থক্য বুবিয়ে দাও।
 - গ) বাংলা উপসর্গ ও সংস্কৃত উপসর্গের কোনো পার্থক্য আছে কিনা লেখো।
 - ঘ) ‘সেই দিন ডাক্তারের দেখা শেষ হইল।’ — বাক্যটির বাচ নির্দেশ করো এবং বাচ্যান্তর করো।
 - ঙ) ‘কঁচা মিঠা আম’ স্থুলরেখ পদটির ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো।

- চ) প্রত্যয় ও বিভক্তির পার্থক্য লেখো।
- ছ) দ্বিগু ও সংখ্যাবাচক বহুবীহি সমাসের পার্থক্য লেখো।
- জ) ‘যে ব্যক্তি বিদ্যাহীন, তাহার জীবন বৃথা’ — বাক্যটির গঠন
বৈশিষ্ট্য বিশ্লেষণ করে গঠনগত শ্রেণি নির্দেশ করো।
- ৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : $2 \times 5 = 10$
- ক) উপসর্গের সংজ্ঞাসহ কয়েকটি বাংলা উপসর্গের উদাহরণ
দাও।
- খ) সাধিত শব্দকে অর্থের দিক থেকে কয়টি শ্রেণিতে ভাগ করা
হয়? উদাহরণসহ প্রকারভেদগুলি আলোচনা করো।
- গ) নিচের শব্দগুলি কেন অশুন্দ তা নির্দেশ করে শুন্দরূপ লেখো :
উপরোক্ত, সবিনয়পূর্বক, অনুমত্যানুসারে, আবশ্যকীয়
জোতীন্দ্র।
- ৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $1 \times 10 = 10$
- ক) সর্বনামপদ কাকে বলে? সর্বনাম পদের শ্রেণিবিভাগ করে
উদাহরণসহ আলোচনা করো। $1 + 9 = 10$
- খ) শব্দের অর্থ প্রকাশক শক্তিকে প্রধানত কী কী ভাগে ভাগ
করা হয়েছে? এই শক্তিগুলির সাহায্যে শব্দের যে অর্থগুলি
পাওয়া যায় উদাহরণসহ সেগুলির বিস্তৃত পরিচয় দাও। $2 + 8 = 10$
- গ) বাক্যে অন্থয়ের বৈচিত্র্য সূচক শব্দাবলীকে কী বলে? এরকম
বলার কারণ কী? প্রয়োগের দিক থেকে বাংলা অনব্যয়-
যোজক পদগুলি উদাহরণসহ আলোচনা করো। $1 + 1 + 8 = 10$
-